

রেডিও ফ্রিকোয়েন্সি এবলেশন - লিভার ক্যান্সার চিকিৎসায় অপার সম্ভাবনা

প্রারম্ভ কথাঃ

- লিভার ক্যান্সার চিকিৎসায় আশাব্যঞ্জক একটি চিকিৎসা হচ্ছে পারকিউটেনিয়াস রেডিও ফ্রিকোয়েন্সি এবলেশন বা সংক্ষেপে আর.এফ.এ।
- এ ক্ষেত্রে শরীরের বাইরে থেকে আন্ট্রাসোনোগ্রাফি মেশিনের গাইডেন্সে লিভার ক্যান্সারের টিউমার বার্ণ করে ছোট করে আনা হয় এবং অনেক ক্ষেত্রে তা পুরোপুরি ধ্বংসও করা যায়।
- লিভার ক্যান্সার চিকিৎসায় আর.এফ.এ. বর্তমান বিশ্বে সবচেয়ে আধুনিক চিকিৎসা পদ্ধতিগুলোর অন্যতম।
- শরীরের অন্যথান থেকে লিভারে ছড়িয়ে পড়া ক্যান্সার চিকিৎসায়ও আর.এফ.এ. পদ্ধতিটি অত্যন্ত কার্যকর ও বহুল ব্যবহৃত।

রেডিও ফ্রিকোয়েন্সি এবলেশন (আর.এফ.এ)

- রেডিও ফ্রিকোয়েন্সি এবলেশন-এ নুন্যতম পেট কাটা-ছেড়ার প্রয়োজন নেই এবং প্রায় কোনরকম জটিলতা ছাড়াই তা পুনরায় করা সম্ভব।
- প্রাথমিক অবস্থায় বা ছোট টিউমার-এ আর.এফ.এ. করা গেলে লিভার ক্যান্সার অনেক ক্ষেত্রে সম্পূর্ণ নিরাময় করা সম্ভব।
- বড় টিউমার এর ক্ষেত্রে রোগীরা অনেক দিন সুস্থ থাকেন।
- এই পদ্ধতিতে লিভার টিউমার-এর মধ্যে তাপ তৈরী করে ক্যান্সার সেল ধ্বংস করা হয়।
- এ চিকিৎসা পদ্ধতি ইউরোপ, আমেরিকা ও জাপানে বহুল ব্যবহৃত।
- বাংলাদেশেও এখন সীমিত পরিসরে এই চিকিৎসাটি করা হচ্ছে, ফলে এদেশের লিভার ক্যান্সারের রোগীরা এখন নিজ দেশেই লিভার ক্যান্সারের এই আধুনিকতম চিকিৎসাটি গ্রহণের সুযোগ পাচ্ছেন।
- যেসব লিভার ক্যান্সার রোগীর টিউমার অপারেশন সম্ভব নয় বা লিভার ক্যান্সার রোগী যদি বয়স্ক হন, সাথে যদি অন্য আরো কোন অসুখে ভোগেন, যেসব লিভার ক্যান্সার রোগীদের অঙ্গান করা ঝুঁকিপূর্ণ, যেসব রোগীদের লিভারে দেহের অন্য কোন স্থান থেকে ক্যান্সার ছড়িয়ে পড়েছে বা ছোট ছোট লিভার টিউমারের ক্ষেত্রে আর.এফ.এ. খুবই কার্যকর।
- তবে পিত্তনালি বা বড় রক্তনালিতে লিভার ক্যান্সার ছড়িয়ে পড়লে বা লিভার ফেইলিউর থাকলে আর.এফ.এ. করা যায় না।
- আর.এফ.এ. করার সময় রোগীকে অঙ্গান করা হয় না, হালকা ঘুমের ওষুধ প্রয়োগ করে বা হালকা অঙ্গান করে এটি করা হয়।
- লিভার ক্যান্সারের পাশাপাশি কিডনি ও ফুসফুসের ক্যান্সারেও আর.এফ.এ. অত্যন্ত কার্যকর একটি চিকিৎসা পদ্ধতি।

প্রচারে :



লিভার কেয়ার এন্ড রিসার্চ সেন্টার, বাড়ী নং- ৮/এ, রোড নং-১৪ (নতুন), ধানমন্ডি, ঢাকা-১২০৯
(সোবহানবাগ মসজিদের পশ্চিমে)
ফোরাম ফর দি স্টাডি অব দি লিভার, রুম নং-৬ (দ্বিতীয় তলা), বনানী সুপার মার্কেট
কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩
মোবাইলঃ ০১৯৭০৮০৮০২৯, ই-মেইল: <fsliver.bd@gmail.com>
ওয়েব সাইটঃ www.liverforumbd.org